যায়যায়দিন

তারিখ ... 8 JUN 2012 ...
পৃষ্ঠা ২৩ কলাম ৫

# শিক্ষাখাতে কথা রাখেননি অর্থমন্ত্রী

যাযাদি রিপোর্ট

প্রস্তাবিত ২০১২-১৩ অর্থবছরের বাজেটে শিক্ষাখাতের চিত্র হতাশাজনক। শিক্ষাখাতে এ বছর বরাদ্দ বেড়েছে। তবে নতুন কোনো প্রকল্পের কথা বৃহস্পতিবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত যেমন বলেননি; তেমনি পুরোনো প্রকল্পগুলোর বর্তমান অবস্থাও তুলে ধরেননি।

অর্থমন্ত্রী, গত বাজেটে যেসব কথা দিয়েছিলেন, সেগুলোও প্রতিফলিত হয়নি এ বাজেটে।

বিশেষ করে শিক্ষকদের মাসিক পেমেন্ট অর্ডার (এমপিও), বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণসহ আরো বেশ কয়েকটি বিষয় নিয়ে আগ্রহ ছিল শিক্ষা সংশ্লিষ্টদের।

অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয় মিলিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের জন্যে মোট বরাদ্দ ২১ হাজার ৪০৮ কোটি টাকা। এর মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্যে বরাদ্দ ৯ হাজার ৮২৫ কোটি টাকা। শিক্ষা মন্ত্রণালয়ের জন্যে বরাদ্দ ১১ হাজার ৫৮৩ কোটি টাকা।

গত ২০১১-১২ অর্থবছরে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা খাতে উন্নয়ন ও অনুন্নয়ন মিলিয়ে মোট ১৯ হাজার ৮৩৭ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব ছিল। এ বছর প্রস্তাবিত বরাদ্দ গত বছরের চেয়ে ১ হাজার ৫৭১ কোটি টাকা বেশি।

বরাদ্দ বাড়লেও কোনো নতুন প্রকল্পের কথা উল্লেখ করা হয়নি প্রস্তাবিত বাজেটে। ২০১১-১২ অর্থবছরে যেসব প্রকল্পের কথা উল্লেখ করা হয়েছিল, সেগুলোর বর্তমান অবস্থাও উল্লেখ করেননি অর্থমন্ত্রী।

গত ২০১১-১২ অর্থবছরে আবুল মাল আবদুল মুহিত বলেছিলেন, 'বেশ কয়েক বছর বন্ধ থাকার পর ২০০৯-১০ অর্থবছরে একটি স্বচ্ছ নীতিমালার ভিত্তিতে ১ হাজার ৬২৪টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে। নির্দিষ্ট কিছু মানদণ্ডে উন্নীত আরো প্রায় ১ হাজার স্কুল ও মাদ্রাসাকে আগামী অর্থবছরে এমপিওভুক্ত করা হবে।' কিন্তু অর্থমন্ত্রী এ অর্থবছরে সে কথা রাখেননি। এমপিওভুক্তির কোনো কথাই উল্লেখ করেননি অর্থমন্ত্রী।